দৈনিক ইনকিলাব 12

তারিখ 12 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম 1

# জীবননগর পাইলট বালিকা বিদ্যালয়ে দুর্নীতির অভিযোগ

চুয়াডাঙ্গা, ১১ জুলাই (সংবাদদাতা)।— জীবননগর থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার বিরুদ্ধে তহবিল তসরুফ, বেআইনীভাবে বিদ্যালয়ের জমি ও বাড়ী নিজে ও স্বামীর নামে ক্রয়সহ বিভিন্ন ধরনের অভিযোগ প্রমাণিত হওয়া সত্ত্বেও আজো কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে জানা গেছে। গত ৩০ জুন জীবননগর উপজেলার জাতীয় পার্টির আহবায়ক মীর মাহতাব আলীসহ বিশিষ্ট ব্যক্তিরা উপরোক্ত তথ্য সাংবাদিকদের জানান।

প্রকাশ, ঐ বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকাগণ গত ২৮ ডিসেম্বর ৮৬ তারিখে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার বিরুদ্ধে ২৪ দফা অভিযোগ এনে ম্যানেজিং কমিটির সভাপতির নিকট দাখিল করেন। এ পরিপ্রেক্ষিতে জীবননগর উপজেলার চেয়ারম্যান বিদ্যালয়ের সভাপতি হিসেবে গত ৭-১-৮৭ তারিখে জি/১৫ (৫) নং স্মারকে এক তদন্তের ব্যবস্থা করেন। উপজেলা সমবায় অফিসার তদন্ত করে গত ৫-৩-৮৭ তারিখে এক রিপোর্ট দাখিল করেন।

তদন্ত রিপোর্টে রয়েছে ম্যানেজিং কমিটির বিনা অনুমোদনে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ১৫ হাজার টাকা ঋণ গ্রহণ, বিনা রশিদে টাকা আদায়, একইটেন্স রুলে টাকা আত্মসাৎ ইত্যাদি তদন্ত রিপোর্টে প্রকাশ করা হয়। এ রিপোর্ট প্রকাশ হবার পর বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি প্রধান শিক্ষিকার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। তদুপরি বর্তমানে প্রধান শিক্ষিকা ব্যক্তিগত আক্রোশে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকার সাথে অশোভন আচরণ করছেন এবং কথায় কথায় শোকজ নোটিশ জারি করছেন।

এছাড়া শিক্ষকদের ১৭ থেকে ১৮ মাসের বেতন বাকী। এ সমস্ত দুর্নীতি সংবাদ গত ২০/৫/৮৭ তারিখে জেলা প্রশাসক চুয়াডাঙ্গা ও চেয়ারম্যান যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোরকে জানানো সত্ত্বেও এ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে জানা গেছে।